

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৬৪

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

আরবী

وَعَنْ أَبِيْ مُوسَى الأَشْعَرِي قَالَ: قَالَ رَسُولُ اللهِ عَيْلِي إِذَا كَانَ يَوْمُ القِيَامَةِ دَفَعَ اللهُ إِلَى كُلِّ مُسْلِم يَهُودياً أَوْ نَصْرَانِياً فَيَقُولُ: هَذَا فِكَاكُكَ مِنَ النَّار وَفِي رِوَايَةٍ عَنهُ عَن النَّبِيّ عَيْكِ اللَّهِ عَالَ يَجِيءُ يَوْمَ القِيَامَةِ نَاسٌ مِنَ المُسْلِمينَ بِذُنُوبٍ أَمْثَال الجبال يَغْفِرُهَا الله لَهُمْ رواه مسلم

বাংলা

(৪৬৪) আবু মুসা আশআরী (রাঃ) বলেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কিয়ামতের দিন আল্লাহ প্রত্যেক মুসলিমকে একজন ইয়াহুদী অথবা খ্রিষ্টানকে দিয়ে বলবেন, এই তোমার জাহান্নাম থেকে বাঁচার মক্তিপণ।

উক্ত সাহাবী (রাঃ) থেকেই অন্য এক বর্ণনায় আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কিয়ামতের দিন কিছ সংখ্যক মুসলিম পাহাড সম পাপ নিয়ে উপস্থিত হবে, আল্লাহ তা (সবই) তাদের জন্য ক্ষমা করে দেবেন।

ফুটনোট

* 'কিয়ামতের দিন আল্লাহ প্রত্যেক মুসলিমকে একজন ইয়াহুদী অথবা খৃষ্টানকে দিয়ে বলবেন, এই তোমার জাহান্নাম থেকে বাঁচার মুক্তিপণ' এ কথার অর্থ আবু হুরাইরার হাদীসে বর্ণিত হয়েছে; 'প্রত্যেকের জন্য জান্নাতে একটি নির্দিষ্ট স্থান আছে এবং দোযখেও আছে। সূতরাং মু'মিন যখন জান্নাতে প্রবেশ করবে, তখন দোযখে তার স্থলাভিষিক্ত হবে কাফের। যেহেতু সে তার কুফরীর কারণে তার উপযুক্ত। আর 'মুক্তিপণ' অর্থ এই যে, তুমি দোযখের সম্মুখীন ছিলে; কিন্তু এটি হল তোমার মুক্তির বিনিময়। যেহেতু মহান আল্লাহ দোযখ ভরতি করার জন্য একটি সংখ্যা নির্ধারিত রেখেছেন। সূতরাং তারা যখন তাদের কৃফরী ও পাপের কারণে সেখানে প্রবেশ করবে, তখন তারা হবে মু'মিন্দের 'মুক্তিপণ।' আর আল্লাহই অধিক জানেন।



(মুসলিম ৭১৮৭, ৭১৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন